

দেশ রূপান্তর

তারিখঃ ২৮-০৬-২০২৪ (পৃষ্ঠাঃ ০২)

ব্রি'তে প্রারম্ভিক এবং বাৎসরিক অগ্রগতি বিষয়ক কর্মশালা

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) 'নতুন ছয়টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও নতুন প্রযুক্তি উদ্ভাবন ও বিদ্যমান গবেষণাগার উন্নয়ন' প্রকল্পের প্রারম্ভিক এবং বাৎসরিক অগ্রগতিবিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে ব্রির অডিটোরিয়ামে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

ব্রির মহাপরিচালক ড. শাহজাহান কবিরের সভাপতিত্বে কর্মশালায় প্রকল্পের অগ্রগতি বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন প্রকল্প পরিচালক ড.

মোফাজ্জল হোসেন। এতে আগত বক্তব্য রাখেন প্রকল্পের উপ-পরিচালক ড. আনোয়ার হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. খালেকুজ্জামান ও পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. আবদুল লতিফ। কর্মশালায় বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, আঞ্চলিক কার্যালয় প্রধান, বিজ্ঞানী এবং কর্মকর্তারা অংশ নেন।

প্রকল্পের আওতায় টাঙ্গাইল, নেত্রকোনা, সুনামগঞ্জ, কক্সবাজার, খাগড়াছড়ি ও দিনাজপুর এলাকায় ছয়টি আঞ্চলিক কার্যালয় এবং খুলনা, চট্টগ্রাম, পটুয়াখালী, পঞ্চগড়, সিলেট ও ময়মনসিংহ এলাকায় ছয়টি স্যাটেলাইট স্টেশন স্থাপন করা হবে। প্রকল্পটি ২০২৩ সালের ১ জুলাই শুরু হয়েছে এবং আগামী ২০২৮ সালের ৩০ শে জুন শেষ হবে বলেও কর্মশালায় জানানো হয়।